গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট
দৌলতপুর, খুলনা।
https://ati.khulna.gov.bd

# শোক বার্তা

নং- ৫৭৪(০৪) তারিখ:- ২৭/০৭/২০২৬ খ্রি.

আমরা গভীর শোক ও দুঃখের সাথে জানাচ্ছি যে, **কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা**-এর কর্মচারী (মালি) **জনাব রফিকুল ইসলাম** মস্তিষ্কে রক্তক্ষরণজনিত (স্ট্রোক) অসুস্থতায় চিকিৎসাধীন অবস্থায় গতকাল আনুমানিক রাত ৯ টা ২০ মিনিটে **খুলনা বিশেষায়িত হাসপাতালে** ইন্তেকাল করেছেন। **ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।**

জনাব রফিকুল ইসলাম ছিলেন আমাদের প্রতিষ্ঠানের একজন অত্যন্ত পরিশ্রমী, নিষ্ঠাবান ও আন্তরিক কর্মী। প্রতিষ্ঠানের প্রতিটি কাজে তাঁর আন্তরিকতা, দায়িত্ববোধ এবং নীরব অবদান আমাদের সকলের কাছে চিরস্মরণীয় হয়ে থাকবে। কর্মক্ষেত্রে তাঁর হাসিমুখ, সৌহার্দ্যপূর্ণ আচরণ এবং কর্তব্য নিষ্ঠা তাঁকে এটিআই পরিবারের সকলের কাছে অত্যন্ত প্রিয় করে তুলেছিল। তাঁর এই অকাল প্রয়াণে আমরা একজন নিবেদিতপ্রাণ সহকর্মীকে হারালাম, যার শূন্যতা অপূরণীয়।

**কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা পরিবারের পক্ষ থেকে** মরহুমের রুহের মাগফিরাত কামনা করছি। মহান আল্লাহ তাআলা যেন তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারকে এই শোক সহ্য করার ধৈর্য ও শক্তি দান করেন।

**আল্লাহুম্মাগফির লাহু ওয়ারহামহু ওয়া আসকিনহুল জান্নাত।** আমীন।

— **কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা পরিবার।**

২৭/৭/২০২৬

মোছাঃ রীনা খাতুন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
টেলিফোন: ০২৪৭৭৭৭৩৩১২৭
✉ principalatikhulna@dae.gov.bd

স্মারক নং- তারিখ:- ২৭/০৮/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। পরিচালক, প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।

৩। প্রশাসনিক শাখা/হিসাব শাখা, অত্র দপ্তর।